২০৩১ ওয়ানডে বিশ্বকাপের যৌথ আয়োজক বাংলাদেশ -ভারত

চেম্বার ডেস্ক :: ২০৩১ সালের ওয়ানডে বিশ্বকাপের যৌথভাবে আয়োজন করবে বাংলাদেশ ও ভারত। এক বিবৃতিতে আইসিসি জানিয়েছে, ভারতের সঙ্গে মিলে আগামী ২০৩১ বিশ্বকাপের যৌথ আয়োজক হবে বাংলাদেশ।

এর আগে ২০১১ বিশ্বকাপে যৌথ আয়োজক ছিল বাংলাদেশ। ভারত এবং শ্রীলঙ্কার সঙ্গে যৌথভাবে বিশ্বকাপের আয়োজন করেছিল বাংলাদেশ ক্রিকেট বোর্ড। এরপর ২০১৪ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপ আয়োজন করেছিল এককভাবে।

এরপর এশিয়া কাপের আয়োজকও হয়েছিল বাংলাদেশ। আবারও আয়োজক হতে চায় বাংলাদেশ। এছাড়া কিছুদিন আগে শোনা যাচ্ছিল, আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফিও আয়োজন করতে চায় বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

আগামী আট বছরের জন্য পুরুষ ক্রিকেটের সবগুলো বৈশ্বিক আয়োজকের নাম ঘোষণা করেছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। মঙ্গলবার (১৬ নভেম্বর) আনুষ্ঠানিক এক বিবৃতিতে এ সিদ্ধান্ত জানানো হয়।

সেই সূচিতে ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপ হচ্ছে যৌথভাবে ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে। এরপর ২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফি হতে যাচ্ছে পাকিস্তানে। আর এই টুর্নামেন্টের মধ্য দিয়ে দীর্ঘদিন পর পাকিস্তানে আইসিসির বৈশ্বিক কোনো আসর হতে যাচ্ছে। এছাড়া সবশেষ চ্যাম্পিয়ন্স ট্রফি অনুষ্ঠিত হয়েছিল ২০১৭ সালে।

২০২৬ সালে আবার আরেকটি টি-টোয়েন্টি বিশ্বকাপ, যেটি যৌথভাবে আয়োজন করবে ভারত ও শ্রীলঙ্কা। এরপর ২০২৭ সালে আরেকটি ওয়ানডে বিশ্বকাপ আয়োজন করতে যাচ্ছে আফ্রিকার দেশগুলো। দক্ষিণ আফ্রিকা, নামিবিয়া ও জিম্বাবুয়েতে আয়োজন হবে সেই ওয়ানডে বিশ্বকাপ।

এছাড়া ২০২৮ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপ হবে ট্রান্স-তাসমান দুই প্রতিবেশী দেশ অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে। পরের বছর চ্যাম্পিয়ন্স ট্রফি হবে দক্ষিণ এশিয়ার দেশ ভারতে। এরপর

এরপর ২০৩০ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপ হবে ইংল্যান্ড,